

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
আইন, বিচার ও সংসদ বিষয়ক মন্ত্রণালয়
আইন ও বিচার বিভাগ
বিচার শাখা-১
www.lawjusticediv.gov.bd

নং ১০.০০.০০০০.১২৫.০৮.০১২.১৯.০৫

তারিখঃ ২১ পৌষ ১৪২৭ বঙ্গাব্দ।
০৫ জানুয়ারি ২০২১ খ্রিস্টাব্দ।

বিষয়ঃ শ্রান্তি ও বিনোদন ছুটি এবং ভাতা মঞ্জুর প্রসঙ্গে।

সূত্রঃ বাংলাদেশ সুপ্রীম কোর্টের হাইকোর্ট বিভাগের ০৪/০১/২০২১ খ্রিঃ তারিখের স্মারক নং- ১জ্ঞে-৫/২০২০ (অংশ নথি-১)-৩৭ জে নম্বর পত্র।

উপর্যুক্ত বিষয় ও সূত্রের প্রেক্ষিতে নির্দেশিত হয়ে বাংলাদেশ সুপ্রীম কোর্টের সাথে পরামর্শক্রমে ১৯৫৯ সনের নির্ধারিত ছুটি বিধিমালার ৩(১)(iii) বিধি, ১৯৭৯ সনের বাংলাদেশ সার্ভিসেস (শ্রান্তি বিনোদন ভাতা) বিধি এবং অর্থ মন্ত্রণালয়ের বাস্তবায়ন শাখা-১ থেকে জারীকৃত ১২ জুলাই ১৯৯৯ খ্রিঃ তারিখের অম/অবি (বাঃ-১) ভাতা-১৬/৯৫/১৭৬ নম্বর ও প্রবিধি শাখা-২ থেকে জারীকৃত ২০-০৩-১৯৮৯ খ্রিঃ তারিখের অম(অবি) প্রবি-২/ছুটি-৬/৮৬-২৮ নম্বর অফিস স্মারকের মর্মানুযায়ী বাংলাদেশ জুডিসিয়াল সার্ভিসেস নিম্নবর্ণিত কর্মকর্তাগণ গত ২৪/১০/২০১৩ খ্রিঃ তারিখে চাকরিতে যোগদান করায় এবং বর্তমানে ২য় বারের মত শ্রান্তি ও বিনোদন ছুটির প্রাপ্যতা অর্জন করায় তাদের অনুকূলে ৩নং কলামে উল্লিখিত আবেদনের তারিখ হতে পরবর্তী শ্রান্তি ও বিনোদন ছুটির প্রাপ্যতার তারিখ অক্ষুণ্ন রেখে ৪নং কলামে উল্লিখিত সময়ের জন্য শ্রান্তি ও বিনোদন ছুটি এবং ৫নং কলামে উল্লিখিত মাসের মূল বেতনের সমপরিমাণ অর্থ শ্রান্তি ও বিনোদন ভাতা হিসেবে মঞ্জুর করা হলো :

নং	কর্মকর্তার নাম, পদবি ও কর্মস্থল	আবেদনের তারিখ/ প্রাপ্যতার তারিখ	মঞ্জুরীকৃত ছুটি	মঞ্জুরীকৃত ভাতা
১	২	৩	৪	৫
১।	জনাব মোঃ হুমায়ূন কবীর সিনিয়র জুডিসিয়াল ম্যাজিস্ট্রেট, চাঁপাইনবাবগঞ্জ	২৫/১১/২০২০ খ্রিঃ	১৭/০১/২০২১ খ্রিঃ হতে ৩১/০১/২০২১খ্রিঃ পর্যন্ত মোট ১৫(পনের) দিন	জানুয়ারি/ ২০২১ মাসের মূল বেতনের সমপরিমাণ অর্থ
২।	জনাব হোসেন মোহাম্মদ রেজা মেট্রোপলিটন ম্যাজিস্ট্রেট, চট্টগ্রাম	২৫/১১/২০২০ খ্রিঃ	১৭/০১/২০২১ খ্রিঃ হতে ৩১/০১/২০২১খ্রিঃ পর্যন্ত মোট ১৫(পনের) দিন	জানুয়ারি/ ২০২১ মাসের মূল বেতনের সমপরিমাণ অর্থ

০২। বাংলাদেশ সুপ্রীম কোর্টের পরামর্শের আলোকে বর্ণিত কর্মকর্তাগণকে মামলা জট নিরসন ও বিচারপ্রার্থী জনগণের দ্রুত বিচার প্রাপ্তির উদ্দেশ্যে উক্ত ছুটি উল্লিখিত সময়ের মধ্যে ১৫ (পনের) দিনের পরিবর্তে ০৭(সাত) দিন ভোগ করার জন্য অনুরোধ করা হলো।

০৩। উল্লিখিত কর্মকর্তাগণের শ্রান্তি ও বিনোদন ভাতা তাদের নিজ নিজ দপ্তরের সংশ্লিষ্ট খাত হতে বিকলনীয়।


০৫/০১/২০২১
(মোহাম্মদ রহমত আলী)
সিনিয়র সহকারী সচিব
ফোনঃ ৯৫৪৫৪৩১।

১। প্রধান হিসাব রক্ষণ কর্মকর্তা

আইন, বিচার ও সংসদ বিষয়ক মন্ত্রণালয়

কক্ষ নং-৫০৩, ৫ম তলা, হিসাব ভবন, সেগুনবাগিচা, ঢাকা।

২। বিভাগীয় হিসাব নিয়ন্ত্রক, চট্টগ্রাম।

৩। জেলা হিসাবরক্ষণ কর্মকর্তা, চাঁপাইনবাবগঞ্জ।

নং ১০.০০.০০০০.১২৫.০৮.০১২.১৯.০৫/১(১০)

তারিখঃ ২১ পৌষ ১৪২৭ বঙ্গাব্দ
০৫ জানুয়ারি ২০২১ খ্রিস্টাব্দ

অনুলিপি অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য প্রেরণ করা হলো (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়):

- ১। রেজিস্ট্রার জেনারেল, বাংলাদেশ সুপ্রীম কোর্ট, ঢাকা।
- ২। চীফ জুডিসিয়াল ম্যাজিস্ট্রেট, চাঁপাইনবাবগঞ্জ।
- ৩। চীফ মেট্রোপলিটন ম্যাজিস্ট্রেট, চট্টগ্রাম।
- ৪। সিনিয়র সহকারী সচিব, বাজেট, আইন ও বিচার বিভাগ।
- ৫। সচিবের একান্ত সচিব, আইন ও বিচার বিভাগ।
- ৬। জনাব মোঃ হুমায়ূন কবীর, সিনিয়র জুডিসিয়াল ম্যাজিস্ট্রেট, চাঁপাইনবাবগঞ্জ।
- ৭। জনাব হোসেন মোহাম্মদ রেজা, মেট্রোপলিটন ম্যাজিস্ট্রেট, চট্টগ্রাম।
- ৮। প্রোগ্রামার, আইন ও বিচার বিভাগ (ওয়েবসাইটে প্রকাশের জন্য অনুরোধ করা হলো)।
- ৯। গার্ড ফাইল।
- ১০। অফিস কপি।


০৫/০২/২০২১
(মোহাম্মদ রহমত আলী
সিনিয়র সহকারী সচিব।